

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ একাকী সালাত আদায়কারীর চেয়ে জামা'আতে সালাত আদায়কারীর সালাতের সাওয়াব ২৫ গুণ বেশি হওয়া মর্মে বর্ণনা

ذِكْرُ فَضْلِ صَلَاةِ الْجَمَاعَةِ عَلَى صَلَاةِ الْفَذِّ بِخَمْسٍ وَعِشْرِينَ دَرَجَةً

আরবী

2049 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ حَدَّثَنَا عَبْدُ الرَّزَاقِ أَخْبَرَنَا مَعْمَرُ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ: عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (فَضْلُ صَلَاةِ الْجَمِيعِ عَلَى صلاة الرجل وَحْدَهُ خمس وعشرون درجة) الراوي: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2049 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (568)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: هَذَا الْخَبَرُ مِمَّا نَقُولُ فِي كُتُبِنَا بِأَنَّ الْعَرَبَ تَذْكُرُ الشَّيْءَ بِعَدَدٍ مَحْصُورٍ مَعْلُومٍ وَلَا تُرِيدُ بِذِكْرِهَا ذَلِكَ الْعَدَدَ نَفْيًا عَمَّا وَرَاءَهُ وَلَمْ يُرد بِقَوْلِهِ هَذَا أَنَّهُ لَا يَكُونُ لِلْمُصلِّي مِنَ الْأَجْرِ بِصلَلَتِهِ أَكثرُ مِمَّا وُصِفَ فِي خَبَرِ أَبِي هُرَيْرَةَ

বাংলা

২০৪৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "জামা'আতে আদায় করা সালাতের সাওয়াব একাকী আদায় করা সালাতের চেয়ে ২৫ গুণ মর্যাদা বেশি।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসের ব্যাপারে আমাদের কিতাবে বলেছি যে, আরবরা কোন কোন সময় কোন কিছুর নির্দিষ্ট সংখ্যা বলেন, কিন্তু সেই সংখ্যা অন্য সংখ্যাকে নাকচ করা উদ্দেশ্য নেয় না। কাজেই এই হাদীসে যে সংখ্যা বলা হয়েছে এর দ্বারা এটা উদ্দেশ্য নয় যে, জামা'আতে সালাত আদায়কারী ব্যক্তি আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসের সাওয়াবের চেয়ে বেশি সাওয়াব পাবে না।"



ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৪৭৭; আবূ দাউদ: ৫৫৯; মুসনাদ আহমাদ: ২/২৫২; সহীহ মুসলিম: ৬৪৯; ইবনু মাজাহ: ২৮১; আবূ আওয়ানা: ১/৩৮৮; সুনান বাইহাকী: ৩/৬১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৯০; আত তায়ালিসী: ২৪১২; তিরমিযী: ৬০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন